

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা।



স্মারক নং : ৫২.০১.৮৪০০.০০০.০৬.১১২.২০২০-৬৬৭

তারিখ : ০৪/১০/২০২১ খ্রি.

বিষয় : আসন্ন জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রচারণার অংশ হিসেবে ব্যাপকহারে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সাথে যোগাযোগ স্থাপন ও শুমারি সম্পর্কে অবহিতকরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, আসন্ন জনশুমারি ও গৃহগণনা ২০২১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি অন্যতম প্রধান কাজ। শুমারিকে সামনে রেখে আমরা বর্তমান সময়ে প্রচারণার কাজকে বেগবান করতে পারি। বিগত সময়ে পরিচালিত উক্ত শুমারির জোনাল অপারেশনে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের তালিকা প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। কিন্তু উক্ত সময়কালে এলাকার সব গণ্যমান্য ব্যক্তির সাথে দেখা করা ও শুমারি সংশ্লিষ্ট বিষয়ে অবহিত করা সম্ভবপর হয়নি।

গত ২৮ মে ২০২১ খ্রি. থেকে ০৩ জুন ২০২১ খ্রি. সময়কালে পরিচালিত দ্বিতীয় জোনাল অপারেশনে দেখা যায় যে, বাঘাইছড়ি উপজেলার জোন নং ০১ (এক) পৌরসভা ও মারিশ্যা ইউনিয়নে মাত্র ০৪ (চার) জন, জোন নং ০৩ (তিন) বঙ্গলতলী ও রুপকারী ইউনিয়নে মাত্র ০৫ (পাঁচ) জন, বিলাইছড়ি উপজেলার জোন নং ০২ (দুই) বড়খলি ও ফারুয়া ইউনিয়নে মাত্র ০৫ (পাঁচ) জন, জোন নং ০১ (এক) বিলাইছড়ি ও কেংড়াছড়ি ইউনিয়নে মাত্র ০৪ (চার) জন, লংগদু উপজেলার জোন নং ০১ (এক) লংগদু ও মাইনীমুখ ইউনিয়নে মাত্র ০৬ (ছয়) জন, জোন নং ০২ (দুই) আটারকছড়া ও কালাপাকুজ্যা ইউনিয়নে মাত্র ০৬ (ছয়) জন, জোন নং ০৩ (তিন) বগাচহর ও ভাসান্যাদম ইউনিয়নে মাত্র ০৫ (পাঁচ) জন, জোন নং ০৪ (চার) গুলশাখালী ইউনিয়নে মাত্র ০৬ (ছয়) জন, সদর উপজেলার জোন নং ০৫ (পাঁচ) কুতুকছড়ি ও সাপছড়ি ইউনিয়নে মাত্র ০৬ (ছয়) জন, জোন নং ০৭ (সাত) মগবান ও জীবতলী ইউনিয়নে মাত্র ০৭ (সাত) জন, বরকল উপজেলার জোন নং ০৩ (তিন) শূভলং ইউনিয়নে মাত্র ০৭ (সাত) জন এবং নানিয়ারচর উপজেলার জোন নং ০২ (দুই) সাবেক্ষ্যং ও ঘিলাছড়ি ইউনিয়নে মাত্র ০৮ (আট) জন গণ্যমান্য ব্যক্তির তালিকা দেখানো হয়েছে। যা নিতান্তই নগন্য। আগত শুমারি সম্পর্কে সাধারণ জনসাধারণ যত বেশি অবগত হবেন তা আমাদের তথ্যসংগ্রহকারীদের সহজে তথ্য পেতে সহায়তা করবে।

হেতু অত্র কার্যালয়ের আওতাধীন উপজেলাসমূহকে সংশ্লিষ্ট ছকে ব্যাপক হারে প্রতি ইউনিয়নে কমপক্ষে ২০ (বিশ) জন এবং প্রতি ওয়ার্ডে কমপক্ষে ১৫ (পনের) জন গণ্যমান্য ব্যক্তির তালিকা করা ও দপ্তরের পরিবহণ ব্যবহার করে তাদের সাথে সাক্ষাত করে শুমারির বিষয়ে জানানো একান্ত প্রয়োজন। দুর্গম এলাকাগুলোতে অপারগতাবশত দাপ্তরিক টেলিফোনের ব্যবহার করে গণ্যমান্য ব্যক্তিদের অবগত করা যেতে পারে।

সংশ্লিষ্ট সকলকে উক্ত বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও ২০ অক্টোবর ২০২১ খ্রি. সময়কালের মধ্যে যোগাযোগ সম্পন্ন করে তার সফটকপি ও হার্ডকপি অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।

পরিসংখ্যান কর্মকর্তা/পরিসংখ্যান কর্মকর্তা (অ.দা.) (সকল)
রাঙ্গামাটি পার্বত্য জেলা।


০৪/১০/২০২১

মো: নুর উজ জমান
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিসংখ্যান কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন : ০৩৫১-৬২২৬৫

ই-মেইল : dd.bbs.rangamati.bd@gmail.com

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। পরিচালক, এফএএন্ডএমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও,

ঢাকা-১২০৭।

০৩। যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম।

০৪। অফিস কপি।

